

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৯.২০-৭৮

তারিখঃ ২১/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ফেনি পওর বিভাগ, পাউবো, ফেনীর আওতায় e-Tender ID No-423720, 425303 তে দাখিলকৃত
দরপত্রদাতা Orient Trading & Builders Ltd এবং B.J.Geo-Textile Ltd (JV) এর
দরপত্র দাখিলের Eligibility এর বিষয়ে মতামত প্রদান।
সূত্রঃ-নিঃপ্রঃ/ফেনী/পওর/সিপিটিইউ/৪৬৪; তারিখঃ ১৬/০৩/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য (উন্মুক্ত দরপত্র পদ্ধতি, অভ্যন্তরীণ, ৩.০০ কোটি টাকার উর্ধ্বে) প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল PW3 এর ITT Clause 18.1 এর বর্ণনা অনুযায়ী যৌথ-উদ্যোগে অংশগ্রহণ করার ক্ষেত্রে আগ্রহী দরপত্রদাতাদের যে Joint Venture Agreement দাখিল করার শর্ত রয়েছে সেটি Case-by-case ভিত্তিক হবে মর্মে নির্দেশনা রয়েছে। ফলে ৩টি আস্থানকৃত দরপত্রের বিপরীতে একটি Agreement গ্রহণযোগ্য হবে না।

০২। বিবেচ্য পত্রের জবাবে আরো জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয়ে অংশ গ্রহণের ক্ষেত্রে ব্যক্তির যোগ্যতা বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৪৮(২)(খ) এর নির্দেশনা নিম্নরূপঃ

“আইনগত সক্ষমতার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি নিশ্চয়তা প্রদান করিবে যে প্রস্তাবিত ক্রয়কার্য সম্পাদনের নিমিত্ত কোন ক্রয়কারীর সহিত তাহার চুক্তি সম্পাদনের আইনগত অধিকার রহিয়াছে”

অধিকন্তু, আদর্শ দরপত্র দলিল PW3 এর Section 1 (ITT) এর Eligibility অংশে (অনুচ্ছেদ-৫) সরকারি ক্রয়ে অংশগ্রহণের ক্ষেত্রে দরদাতার যোগ্যতার শর্তসমূহ বিশদভাবে বর্ণিত আছে। উল্লেখ্য, অনুচ্ছেদ-৫.২ এর বিধান নিম্নরূপঃ

“Tenderers shall have the legal capacity to enter into the Contract under the Applicable law.”

০৩। বর্ণিত অবস্থায় কোন আইন অনুযায়ী একজন দরপত্রদাতার চুক্তি স্বাক্ষরের আইনগত সক্ষমতা (Legal Capacity) না থাকলে তিনি সরকারি ক্রয়ে অংশগ্রহণ করতে পারবেন না।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

নির্বাহী প্রকৌশলী (পুর) (চঃ দাঃ)
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ফেনি পওর বিভাগ, পাউবো, ফেনী।

Masmi
21/06/2020
(মোসাম্মা হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ)

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।